The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 922 | 15 May 2026 | শুক্রবার ০১ জ্যৈষ্ঠ ১৪৩২



Mamdani administration scrutinizing NYPD contracts with ICE vendor → Page 25

Bangladeshi Forhad Hussain Elected Mayor in UK → Page 24





Bangladeshi Journalist wife Ferdause won in UK Local election → Page 24

Xi warns Trump on Taiwan at Beijing summit → Page 25



# চীন-ভারতের চ্যালেঞ্জের মুখে বাংলাদেশ

**মাসুদ করিম**, *ঢাকা থেকে*



দিল্লি ও বেইজিংয়ের সঙ্গে ঢাকার ভারসাম্য রক্ষাকে 'টাইটরোপ' দিয়ে বোঝানো যায়। টাইটরোপ কথাটার অর্থ হলো, দুই পাহাড়ের মাঝে সরু সুতোর ওপর দিয়ে হাঁটা। পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান বলেছেন, ভারত ও চীনের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক মোটেও 'জিরো সাম গেইম' নয়। তার মানে হলো, উভয়ের সঙ্গে ভারসাম্যপূর্ণ সম্পর্ক রক্ষা করা। এ এক কঠিন দ্বৈরথ! এই পরিস্থিতিতে প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকারের সতর্কতার সঙ্গে অগ্রসর হতে হবে। বিশেষ করে প্রধানমন্ত্রী তাঁর প্রথম বিদেশ সফর ভারত না-কি চীন হবে সেদিকে সবাই তাকিয়ে আছে। পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান সম্প্রতি ভারত ও চীন উভয় দেশ সফর করেছেন। বাংলাদেশে ভারতের সাবেক হাইকমিশনার পঙ্কজ সরণ সম্প্রতি মন্তব্য করেছেন যে, চীন, পাকিস্তান ও যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সম্পর্কের ধরণ পর্যবেক্ষণ করছে ভারত।

দক্ষিণ এশিয়ায় ভূ-রাজনীতিতে বর্তমানে সবচেয়ে আলোচিত বিষয় হলো, 'কৌশলগত ভারসাম্য'। আর এই ভারসাম্যের খেলায় সবচেয়ে কঠিন ও ঝুঁকিপূর্ণ পথে হাঁটছে বাংলাদেশ। একদিকে ঐতিহাসিক ও ভৌগোলিক বন্ধু রাষ্ট্র ভারত, অন্যদিকে অর্থনৈতিক ও অবকাঠামোগত উন্নয়নের প্রধান অংশীদার চীন। এই দুই শক্তির মাঝখানে নিজের জাতীয় স্বার্থ রক্ষা করে চলাটা যেন অনেকটা এক এরপর ৩৯ পৃষ্ঠায়



ইউনাইটেড হিন্দুজ ইন ইউএসএ'র দাবি

## হিন্দুদের সাথে বৈষম্য করেছেন শেখ হাসিনা

আজকাল রিপোর্ট

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারিকে প্রাণঢালা অভিনন্দন এবং বাংলাদেশের হিন্দু সম্প্রদায়ের নিরাপত্তায় যথাযথ পদক্ষেপ গ্রহণের দাবি নিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথে শীঘ্রই সাক্ষাতের অভিপ্রায় প্রকাশ করা হয়েছে ১২ মে সন্ধ্যায় নিউইয়র্কে 'ইউনাইটেড হিন্দুজ ইন ইউএসএ'র সাধারণ সভায়। জ্যাকসন হাইটসে সানাই পার্টি হলের এ সভা থেকে নোবেল পুরস্কার বিজয়ী ড. মুহম্মদ ইউনূসের কঠোর সমালোচনা করে সংগঠনের চেয়ারম্যান ডা. প্রভাত দাস আরো বলেন, সারাবিশ্বে বরেণ্য হলেও গত ১৮ মাস অন্তর্বর্তী সরকারের এরপর ৩৯ পৃষ্ঠায়

## কমিউনিটির ভালবাসায় অভিষিক্ত শাহ নেওয়াজ



আজকাল রিপোর্ট

নিউইয়র্কের বিশিষ্ট ব্যবসায়ী, শাহ নেওয়াজ গ্রুপের চেয়ারম্যান, গোল্ডেন এইজ হোম কেয়ার-এর সিইও ও সাপ্তাহিক আজকাল সম্পাদক শাহ নেওয়াজ লায়ন্স ডিস্ট্রিক্ট ২০ আর ২ এর 'ফার্স্ট ভাইস গভর্নর' নির্বাচিত হওয়ায় কমিউনিটির ভালবাসায় অভিষিক্ত হলেন। সর্বস্তরের মানুষের প্রাণঢালা ফুলেল শুভেচ্ছায় সংবর্ধিত সংবর্ধিত হন। এতে লায়ন শাহ নেওয়াজ বলেন, কমিউনিটির ভালোবাসায় আমি আপ্লুত। তিনি সবাইকে নিয়ে কমিউনিটিকে আরো এগিয়ে যাওয়ার উপর গুরুত্ব দেন। অনুষ্ঠানে বক্তারা দীর্ঘদিনের সামাজিক কর্মকাণ্ড, মানবসেবা এবং কমিউনিটির উন্নয়নে শাহ নেওয়াজের অসামান্য এরপর ১৯ পৃষ্ঠায়

## পশ্চিমবঙ্গে প্রকাশ্যে গরু জবাই নিষিদ্ধ করল বিজেপি

আজকাল ডেস্ক

ভারতের পশ্চিমবঙ্গের নবগঠিত বিজেপি সরকার গবাদি পশু জবাইয়ের ক্ষেত্রে অত্যন্ত কঠোর বিধিনিষেধ আরোপ করে একটি নতুন প্রজ্ঞাপন জারি করেছে। এই আদেশের ফলে এখন থেকে এরপর ৫৩ পৃষ্ঠায়

মতবিনিময় সভায় প্রবাসীকল্যাণ মন্ত্রী

## প্রবাসী কার্ড চালু করা হবে



আজকাল রিপোর্ট

বাংলাদেশে প্রবাসীদের সম্পত্তির সুরক্ষা ও প্রবাসে এনআইডি কার্যক্রম সহজ করাসহ প্রবাসীদের বিভিন্ন অধিকার রক্ষায় সরকার বদ্ধ পরিকর। এজন্য এরপর ৫৩ পৃষ্ঠায়



## যুক্তরাষ্ট্র যুবলীগের সভাপতি সেবুল ও সম্পাদক মিজান

আজকাল রিপোর্ট

আওয়ামী যুবলীগ, যুক্তরাষ্ট্র শাখার আগের আহ্বায়ক কমিটি বিলুপ্ত করে নতুন কমিটি এরপর ৩৯ পৃষ্ঠায়

## একমন্ত্রী যেতেই আরও দুই মন্ত্রী নিউইয়র্কে

হাসান মাহমুদ

বাংলাদেশের প্রবাসি কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী নিউইয়র্কে তার সপ্তাহব্যাপি বর্ণাঢ্য সফর শেষ করে চলে গেছেন বলে জানা যায়। জাতিসংঘে বক্তব্য রাখার পর তিনি নিউইয়র্ক প্রবাসি 'প্রভাবশালী সিলেটিদে'র গন্ডিতে আবদ্ধ ছিলেন বলে অনেকে মন্তব্য করছেন। তিনি চলে যাবার পরদিনই বাংলাদেশের আরও দুই মন্ত্রী নিউইয়র্কে এসে উপস্থিত এরপর ৩৯ পৃষ্ঠায়

## যাদের জন্য ভিসাবন্ড শিথিল হলো




আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্র সরকার আসন্ন বিশ্বকাপ ফুটবল উপলক্ষে টিকিটধারী দর্শকদের জন্য এরপর ৫৩ পৃষ্ঠায়

Computer Support/Job?
ডাটা রিকভারি, নেটওয়ার্কিং, AI সফটওয়্যার
ট্যাক্স কোর্স ও কম্পিউটারের চাকুরী
২৫ বছরের অভিজ্ঞ প্রফেশনালদের পরামর্শ ও সহায়তা নিন।
(929) 665 2500
Tired of Driving? Get office Job

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-সুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC NYC TAXI
RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস ও মেডিকেল ম্যালপ্র্যাক্টিস
বিনামুল্যে পরামর্শ
এটর্নি বাসায় ও হাসপাতালে নিয়ে যাবে
Call : +1(866) 664 6529
For appointments only


NEW YORK BANGLADESHI AMERICAN
LIONS
INTERNATIONAL
LIONS CLUB DIST. 20-R2
Heartiest
Congratulations!
TO OUR LEADERS FOR THEIR
OUTSTANDING VICTORY
PRESIDENT
Ln. JFM RASEL, MJF
SECRETARY
Ln. MASHUD RANA TOPAN
for their
HUGE VICTORY
IN NEW YORK BANGLADESHI AMERICAN LIONS CLUB
The 2nd Largest Club in District 20-R2 out of 51 Clubs
NUMBER ONE IN SERVICE PROJECTS
LAST YEAR
OVER $200,000+
SERVED TO THE COMMUNITY
AND OVERSEAS
PROVEN LEADERSHIP
PROVEN DEDICATION
PROVER SUCCESS
TOGETHER WE SERVE
TOGETHER WE GROW
TOGETHER WE MAKE
A DIFFERENCE



# নিউইয়র্কে মা দিবসে সফল দশ মা'কে ইডিপি'র সম্মাননা

আজকাল রিপোর্ট

আন্তর্জাতিক মা দিবস উপলক্ষে নিউইয়র্কের ব্রুকলিনে এক আন্তরিক ও প্রাণবন্ত আয়োজনে Empowering Development Project, Inc. (EDP)-এর পক্ষ থেকে ইডিপির সম্মানিত ১০ জন মায়ের হাতে শুভেচ্ছা উপহার তুলে দেওয়া হয়েছে। "মায়ের সম্মান সমাজের গর্ব" এই শ্লোগানকে সামনে রেখে আয়োজিত অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় গত ১০ মে ২০২৬, রবিবার, ব্রুকলিনের ৬১ Church Avenue-এ। দুপুর ১২:৩০ মিনিট থেকে বিকেল ৪টা পর্যন্ত চলা এই আয়োজনে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ, অতিথি ও সদস্যদের উপস্থিতিতে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়।

এরপর ৩৪ পৃষ্ঠায়

# আইস হেফাজতে ২ মাসে ১৪ অভিবাসীর মৃত্যু!

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন ও কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) হেফাজতে ২০২৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ১৪ জন অভিবাসী মারা গেছেন। সম্প্রতি লস অ্যাঞ্জেলেসের বাইরে এক কেন্দ্রে একজন মেক্সিকান নাগরিককে অচেতন অবস্থায় পাওয়া যায়। পরে তাকে হাসপাতালে নেওয়া হলে মৃত্যু ঘটে। ফেডারেল তথ্য অনুযায়ী, মধ্য ফেব্রুয়ারি পর্যন্ত আইসের হেফাজতে ইতিহাসের সর্বোচ্চ ৬৮ হাজারের বেশি অভিবাসী ছিলেন। এ সংখ্যা সময়ের সঙ্গে পরিবর্তিত হয়, কারণ কিছু অভিবাসী

এরপর ৫৩ পৃষ্ঠায়

## সংবাদ সংস্থার প্রতিবেদনে প্রকাশ

# গোপনে সৌদি আরব ইরানে হামলা করেছিল

আজকাল রিপোর্ট



যুদ্ধের সময় ইরানের হামলার জবাবে সৌদি আরবও গোপনে অসংখ্যবার পাল্টা হামলা করেছিল বলে দাবি করেছে বার্তা সংস্থা রয়টার্স। এর আগে সংযুক্ত আরব আমিরাত ইরানে বিমান হামলা চালিয়েছিল বলে খবর এসেছিল। রয়টার্সের এক প্রতিবেদনে দাবি করা হয়, সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাত যুদ্ধের সময় গোপনে ইরানে বিমান হামলা চালিয়েছিল।

ওই প্রতিবেদনের একদিন পর মঙ্গলবার, ১২ মে রয়টার্সেরই আরেক খবরে বলা হয়েছে, সৌদি আরবে ইরানের হামলার জবাবে সৌদি আরবও গোপনে বেশ কয়েকবার ইরানে হামলা করেছিল। তাদের এ তথ্য দিয়েছেন বিষয়টি সম্পর্কে অবগত দুইজন পশ্চিমা কর্মকর্তা এবং দুইজন ইরানি কর্মকর্তা। রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, এ হামলাগুলোর খবর আগে প্রকাশ্যে আসেনি। এ থেকে বোঝা যায়, এই প্রথমবারের মতো সৌদি আরব সরাসরি ইরানের ভূখণ্ডে সামরিক পদক্ষেপ নিয়েছে।

এর মাধ্যমে আরও একটি বিষয় প্রকাশ পেয়েছে যে, রিয়াদ এখন তার প্রধান আঞ্চলিক প্রতিদ্বন্দ্বীর বিরুদ্ধে আত্মরক্ষায় আরও সাহসী হয়ে উঠেছে। দুইজন পশ্চিমা কর্মকর্তা রয়টার্সকে জানিয়েছেন, হামলাগুলো সৌদি বিমানবাহিনী পরিচালনা করেছিল এবং সম্ভবত মার্চের শেষ দিকে এসব হামলা চালানো হয়। কর্মকর্তাদের একজন বলেন, 'সৌদি আরবকে লক্ষ্য করে হামলা চালানোর প্রতিক্রিয়াতেই এই

এরপর ৫৩ পৃষ্ঠায়

# কবিরহাট এসোসিয়েশনের রিয়েল এস্টেট বিষয়ক সেমিনার রোববার

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশিদের জন্য বাড়ি কেনা, মর্টগেজ এবং ট্যাক্স প্ল্যানিং বিষয়ক একটি বিশেষ সেমিনারের আয়োজন করেছে কবিরহাট উপজেলা এসোসিয়েশন, ইউএসএ। আগামী রোববার, ১৭ মে সন্ধ্যায় ব্রুকলিনের ওজনপার্কের 'বৈঠকখানা' রেস্টুরেন্ট মিলনায়তনে এই সেমিনার অনুষ্ঠিত হবে।

সেমিনারে রিয়েল এস্টেট পর্বে আলোচনা করবেন অভিজ্ঞ রিয়েলটর মীর্জা মোহাম্মদ হোসাইন। মর্টগেজ সেশনে থাকবেন ব্যাংকার এএসএম মাইন উদ্দিন পিন্টু ও নাইম টুটুল। মর্টগেজ ও লিগ্যাল এডভাইজার হিসেবে আরিফুর রহমান চৌধুরী এবং ট্যাক্স প্ল্যানিং বিষয়ে সেশন পরিচালনা করবেন

এরপর ৫৩ পৃষ্ঠায়



# টেকসই উন্নয়ন ও শান্তি প্রতিষ্ঠার অঙ্গীকার পুনর্ব্যক্ত বাংলাদেশের

আজকাল রিপোর্ট

বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ গণতান্ত্রিক শাসনব্যবস্থা, টেকসই উন্নয়ন, শান্তি প্রতিষ্ঠা এবং বহুপাক্ষিক সহযোগিতার প্রতি বাংলাদেশের দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন। বৃহস্পতিবার নিউইয়র্কে জাতিসংঘের রাজনৈতিক, শান্তি প্রতিষ্ঠা ও শান্তিরক্ষা কার্যক্রম বিভাগের মধ্যপ্রাচ্য, এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সহকারী মহাসচিব খালেদ খিয়ারি-এর সঙ্গে বৈঠকে তিনি এসব বিষয়ে বাংলাদেশের অবস্থান ও অঙ্গীকার তুলে ধরেন।

বৈঠকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বাংলাদেশের নবনির্বাচিত

এরপর ৩৮ পৃষ্ঠায়



# ক্যালিফোর্নিয়ার আর্কেডিয়ার মেয়র চীনা এজেন্ট বলে স্বীকারোক্তি

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসের উপশহর আর্কেডিয়ার সাবেক মেয়র আইলিন ওয়াং চীনের অবৈধ এজেন্ট হিসেবে কাজ করার অভিযোগ স্বীকার করেছেন বলে জানিয়েছে মার্কিন কর্তৃপক্ষ। যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ জানায়, ওয়াং ২০২০ সালের শেষ দিক থেকে ২০২২ সাল পর্যন্ত

এরপর ৫৩ পৃষ্ঠায়



# মিরসরাই সমিতির 'প্রবাসে বাঙালিয়ানা' উৎসব

আজকাল রিপোর্ট

সবুজে মোড়ানো নিউইয়র্কের ভ্যালি স্ট্রিম স্টেট পার্কে অনুষ্ঠিত হয়েছে মিরসরাই সমিতি ইউএসএ ইনকের 'প্রবাসে বাঙালিয়ানা' উৎসব। এতে লাল-হলুদ বর্ণের শাড়ি, পাঞ্জাবিসহ বাহারি সাজে সেজে জড়ো হন নারী-পুরুষ, শিশু ও তরুণ-তরুণীরা সহ সব বয়সী প্রবাসী মিরসরাই বাসী। বাংলা নববর্ষ ১৪৩৩ ও বিশ্ব মা দিবস উপলক্ষে এই বর্ণাঢ্য উৎসব বাংলাদেশিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে ৯ মে পুরো পার্ক বাংলাদেশিদের এক মিলনমেলায় রূপ নেয়। উৎসবে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর

এরপর ৩৮ পৃষ্ঠায়


GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law

www.gehilaw.com

JACKSON HEIGHTS OFFICE

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ



Asif Mortuza


NEW YORK BANGLADESHI AMERICAN LIONS CLUB DIST. 20-R2 ESTD. 2024
LIONS INTERNATIONAL
Heartiest
Congratulations!
TO OUR LEADERS FOR THEIR
OUTSTANDING VICTORY
MD AB Siddique
JOINT SECRETARY [ADMIN]
Anik Raj
JOINT SECRETARY [PROJECT]
for their
HUGE VICTORY
IN NEW YORK BANGLADESHI AMERICAN LIONS CLUB
The 2nd Largest Club in District 20-R2 out of 51 Clubs
NUMBER ONE IN SERVICE PROJECTS
LAST YEAR
OVER $200,000+
SERVED TO THE COMMUNITY AND OVERSEAS
PROVEN LEADERSHIP
PROVEN DEDICATION
PROVER SUCCESS
TOGETHER WE SERVE
TOGETHER WE GROW
TOGETHER WE MAKE A DIFFERENCE

# চীনের ওপর ভর করেই কি ইরান যুদ্ধ থেকে বেরোতে চান ট্রাম্প

নেলসন ওয়ং

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তাঁর দ্বিতীয় মেয়াদের শুরুতে প্রথমবারের মতো চীন সফরে। এই সফর ঘিরে বিশ্বের নজর আবার গিয়ে পড়েছে যুক্তরাষ্ট্র ও চীনের সম্পর্কের দিকে। এ সম্পর্ক একদিকে প্রতিযোগিতার, আবার অন্যদিকে নির্ভরতারও।
বৈঠকের আলোচ্য বিষয় অনেক-বাণিজ্য, প্রযুক্তি, নিরাপত্তা, তাইওয়ান। কিন্তু সবকিছুর মধ্যে সবচেয়ে জরুরি হয়ে উঠেছে ইরান যুদ্ধ। কারণ, এই যুদ্ধ এখন যুক্তরাষ্ট্রের জন্য বড় রাজনৈতিক ও অর্থনৈতিক চাপের কারণ।
ইরান নিয়ে ট্রাম্পের অবস্থান পরিষ্কার-তিনি দ্রুত এই সংঘাত থেকে বেরিয়ে আসতে চান। দীর্ঘদিনের যুদ্ধ যুক্তরাষ্ট্রের ভোটারদের ক্লান্ত করে তুলেছে। দেশের ভেতরে মধ্যবর্তী নির্বাচন সামনে, আর সাধারণ মানুষ আর নতুন করে যুদ্ধের বোঝা নিতে রাজি নয়।
প্রতিরক্ষাশিল্প লাভবান হলেও সাধারণ পরিবারের জীবনে তার কোনো ইতিবাচক প্রভাব পড়ছে না। তাই ট্রাম্পের এখন দরকার এমন একটা বার্তা-তিনি শুধু যুদ্ধ শুরু করেন না, শেষও করতে পারেন।
এই জায়গাতেই চীনের ভূমিকা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। চীনের সঙ্গে ইরানের সম্পর্ক তুলনামূলকভাবে স্থিতিশীল ও বিশ্বাসভিত্তিক। বেইজিং কখনো তেহরানের ওপর প্রকাশ্যে চাপ সৃষ্টি করে না, বরং সমান মর্যাদার ভিত্তিতে সম্পর্ক রাখে। ফলে ইরানের কাছে চীনের কথার আলাদা গুরুত্ব আছে, যা যুক্তরাষ্ট্রের ক্ষেত্রে নেই।
এ কারণেই ট্রাম্প চাইতে পারেন, চীন যেন ইরানের ওপর নিজের প্রভাব খাটিয়ে যুদ্ধ থামাতে সাহায্য করে। কিন্তু এখানে একটি বড় বাস্তবতা রয়েছে। চীন কোনোভাবেই যুক্তরাষ্ট্রের নির্দেশ মেনে কাজ করবে না। তারা চাইলে আলোচনার পরিবেশ তৈরি করতে পারে, কিন্তু সেটি হবে তাদের নিজের শর্তে এবং বৃহত্তর বিশ্ব স্থিতিশীলতার স্বার্থে-যুক্তরাষ্ট্রকে খুশি করার জন্য নয়।
এ প্রেক্ষাপটে ট্রাম্পের চীন সফর একধরনের বাস্তবতার স্বীকারোক্তি। যে যুক্তরাষ্ট্র এত দিন বিশ্বরাজনীতির নিয়ন্ত্রক হিসেবে নিজেকে দেখত, সেই দেশই এখন একটি গুরুত্বপূর্ণ সংকট মেটাতে চীনের সাহায্য চাইতে বাধ্য হচ্ছে।
অর্থনৈতিক দিকেও একই ধরনের স্বর দেখা যাচ্ছে। যুক্তরাষ্ট্র চায় চীন তাদের জন্য গুরুত্বপূর্ণ বিরল খনিজ বা 'রেয়ার আর্থ'-এর রপ্তানি সহজ করুক।
এই খনিজগুলো ছাড়া আধুনিক অস্ত্র, ড্রোন বা উন্নত প্রযুক্তি তৈরি করা প্রায় অসম্ভব। অথচ এ ক্ষেত্রেই চীনের আধিপত্য সবচেয়ে বেশি। ফলে যুক্তরাষ্ট্রকে এখন সেই চীনের দিকেই তাকাতে হচ্ছে।
একই সঙ্গে যুক্তরাষ্ট্র চাইছে চীন আবার বড় পরিমাণে তাদের কৃষিপণ্য (সয়াবিন, ভুট্টা, শূকরের মাংস) কিনুক। কিন্তু এখানেও দ্বিচারিতা স্পষ্ট। যুক্তরাষ্ট্র একদিকে চীনের বাজার খুলতে বলছে, অন্যদিকে নিজের দেশে চীনা পণ্য ও বিনিয়োগের ওপর নানা বাধা বসিয়ে রেখেছে।
চীনের অবস্থান উল্টো। তারা বলছে, যদি সত্যিই মুক্তবাণিজ্যে বিশ্বাস থাকে, তাহলে যুক্তরাষ্ট্রকেই তার প্রমাণ দিতে হবে। চীনা পণ্যের ওপর কম বাধা, বিনিয়োগের ক্ষেত্রে বেশি সুযোগ-এই দাবিগুলোই তারা তুলবে।



ট্রাম্প যদি ইরান যুদ্ধ থেকে বেরিয়ে আসতে চান, তাহলে তাঁকে চীনের সাহায্য চাইতেই হবে। আর চীন যদি বিশ্বমঞ্চে আরও বড় ভূমিকা নিতে চায়, তাহলে তাকেও দেখাতে হবে যে সে শুধু নিজের স্বার্থ নয়, বৃহত্তর স্থিতিশীলতার কথাও ভাবে।
তাইওয়ান প্রশ্নও এই বৈঠকে গুরুত্বপূর্ণ হয়ে উঠবে। চীন স্পষ্ট জানিয়ে দিয়েছে, তাইওয়ান তাদের অবিচ্ছেদ্য অংশ এবং কোনো বিচ্ছিন্নতাবাদ তারা মেনে নেবে না। তারা চাইবে ট্রাম্প প্রকাশ্যে বলুন, তাইওয়ানের স্বাধীনতাকে সমর্থন করে না যুক্তরাষ্ট্র।
কিন্তু ট্রাম্পের পক্ষে তা বলা সহজ নয়। দেশে কংগ্রেস ও প্রতিরক্ষা মহল থেকে তীব্র বিরোধিতা আসতে পারে, বিশেষ করে নির্বাচনের আগে। ফলে এ প্রশ্নে স্পষ্ট অবস্থান নেওয়া তাঁর জন্য রাজনৈতিকভাবে ঝুঁকিপূর্ণ।
সব মিলিয়ে এ বৈঠক একটি বড় পরিবর্তনের ইঙ্গিত দেয়। বিশ্ব আর একক শক্তিধর নয়। যুক্তরাষ্ট্রের প্রভাব কমছে, কিন্তু চীনও একক আধিপত্য কায়েম করতে চাইছে না। বরং বিশ্ব এখন এমন এক জায়গায় দাঁড়িয়ে, যেখানে বড় শক্তিগুলোকে একে অপরের সঙ্গে সমঝোতা করেই চলতে হচ্ছে।
চীন নিজেকে এমন একটি শক্তি হিসেবে তুলে ধরতে চাইছে, যে বিশ্বব্যবস্থার অংশ হতে চায়, তাকে নিয়ন্ত্রণ করতে নয়। তাই তারা মুক্ত বাণিজ্য ও সহযোগিতার কথা বলছে, যখন যুক্তরাষ্ট্র শুল্ক ও নিষেধাজ্ঞার পথে হাঁটছে।
তবে এ সফরেই সব সমস্যার সমাধান হবে-এমন আশা করা ঠিক নয়। বাণিজ্য বিরোধ চলতেই থাকবে, তাইওয়ান প্রশ্নে উত্তেজনা কমবে না, আর ইরান যুদ্ধও এক দিনে থামবে না।
তবু এ বৈঠকের গুরুত্ব রয়েছে। কারণ, এটি স্পষ্ট করে দিচ্ছে-আজকের বিশ্বে কোনো দেশ একা সবকিছু করতে পারে না। যুক্তরাষ্ট্রও নয়।
ট্রাম্প যদি ইরান যুদ্ধ থেকে বেরিয়ে আসতে চান, তাহলে তাঁকে চীনের সাহায্য চাইতেই হবে। আর চীন যদি বিশ্বমঞ্চে আরও বড় ভূমিকা নিতে এরপর ২৭ পৃষ্ঠায়



তাই তারা মুক্ত বাণিজ্য ও সহযোগিতার কথা বলছে, যখন যুক্তরাষ্ট্র শুল্ক ও নিষেধাজ্ঞার পথে হাঁটছে। তবে এ সফরেই সব সমস্যার সমাধান হবে-এমন আশা করা ঠিক নয়। বাণিজ্য বিরোধ চলতেই থাকবে, তাইওয়ান প্রশ্নে উত্তেজনা কমবে না, আর ইরান যুদ্ধও এক দিনে থামবে না। তবু এ বৈঠকের গুরুত্ব রয়েছে। কারণ, এটি স্পষ্ট করে দিচ্ছে-আজকের বিশ্বে কোনো দেশ একা সবকিছু করতে পারে না। যুক্তরাষ্ট্রও নয়। ট্রাম্প যদি ইরান যুদ্ধ থেকে বেরিয়ে আসতে চান, তাহলে তাঁকে চীনের সাহায্য চাইতেই হবে। আর চীন যদি বিশ্বমঞ্চে আরও বড় ভূমিকা নিতে চায়, তাহলে তাকেও দেখাতে হবে যে সে শুধু নিজের স্বার্থ নয়, বৃহত্তর স্থিতিশীলতার কথাও ভাবে। শেষ পর্যন্ত প্রশ্নটা একটাই-দুই দেশ কি নিজেদের স্বার্থের বাইরে গিয়ে অন্তত এইটুকু বুঝতে পারবে যে সহযোগিতা ছাড়া কোনো বড় সংকটের সমাধান সম্ভব নয়?

# ট্রাম্প কি আবার ইরানে সংঘাতে জড়াবেন

রাজিউল হাসান

কিন্তু ইরান যদি সত্যই নিজেকে গুছিয়ে নিয়ে থাকে, তাহলে এসব হামলায় এবার ভিন্ন কিছু দেখবে বিশ্ব। এমনিতেই ইরান যুদ্ধ শুরুর আগে মার্কিন গোয়েন্দারা যে প্রতিবেদন দিয়েছিল, তাতেই যুদ্ধের যৌক্তিকতা ও সম্ভাবনা স্পষ্ট হয়েছিল। কিন্তু কথা শোনেননি ট্রাম্প। ফলাফল-ইরান খোদ যুক্তরাষ্ট্রকেই অবাক করেছে। এবার যে আরও কিছু করবে না, তার নিশ্চয়তা কী? আমরা দর্শক, ক্ষুদ্র জ্ঞানের মানুষ। ডোনাল্ড ট্রাম্প বয়োজ্যেষ্ঠ, অভিজ্ঞ, তাঁর আশপাশ ঘিরে রয়েছেন বিশেষজ্ঞ, গোয়েন্দারা। ফলে তাঁর কাছে অবশ্যই নিগূঢ়, গভীর তথ্য রয়েছে। এসব তথ্যের ভিত্তিতেই তিনি তাঁর পরবর্তী সিদ্ধান্ত নেবেন। তবে এটা সোজাসাপ্টা বলা যায় যে ইরানে আবারও হামলা চালাতে গেলে পরিস্থিতি আরও জটিল হয়ে উঠবে, তার প্রভাব কেবল বিশ্বের অন্যান্য দেশ নয়, খোদ যুক্তরাষ্ট্র ও তার জনগণের ওপরও পড়বে

যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ ২০০৩ সালে ইরাক যুদ্ধে জড়িয়েছিলেন। তার আগে ইরাকের হাতে 'গণবিধ্বংসী' অস্ত্র আছে দাবি করে ব্যাপক প্রচার চালিয়েছিল মার্কিন প্রশাসন ও সংবাদমাধ্যম। সেই দাবি কতটা সত্য ছিল, আজ সারা বিশ্ব জানে। তবে সেই যুদ্ধের একটি বিশেষ দিক ছিল, ইরাকে দীর্ঘদিনের একনায়ক সাদ্দাম হোসেনের পতন।
ইরাক যুদ্ধ বুশ শুরু করেছিলেন ঠিকই, সমাপ্তি টানতে পারেননি। তাঁর উত্তরসূরি বারাক ওবামা ২০১১ সালে আনুষ্ঠানিকভাবে এই যুদ্ধের সমাপ্তি ঘোষণা করেন। তবে ইরাক যুদ্ধের একটি বিশেষ দিক হলো, সাদ্দাম হোসেনের পতনের পরপরই বলতে গেলে যুদ্ধের জয় নিশ্চিত হয়ে যায়। দুর্বল ও বিচ্ছিন্ন হয়ে পড়ে ইরাকি বাহিনী। এরপর মূলত সাদ্দাম হোসেনের অনুগত বাহিনী এবং খণ্ড খণ্ড বিদ্রোহী গোষ্ঠীর সঙ্গে যুদ্ধ করতে হয়েছে মার্কিন বাহিনীকে। এর সঙ্গে যোগ হয়েছিল জঙ্গিবাদ। ফলে ইরাক যুদ্ধের জয় সুসংহত করতে আট বছর লেগে গিয়েছিল।



ইরান যুদ্ধে অবশ্য প্রথম দিনই আয়াতুল্লাহ আলী খামেনিকে হত্যা করেছে মার্কিন ও ইসরায়েলি বাহিনী। এরপর দুই দেশের আঘাতে একের পর এক ঝরে পড়েছে ইরানের শীর্ষ নেতৃত্ব। খামেনির ছেলে মোজতবা আলী খামেনিকে ঘিরে ইরান ঘুরে দাঁড়ানোর বার্তা দিলেও দৃশ্যপটে তিনি নেই। কিন্তু ইরাক যুদ্ধের সঙ্গে এই যুদ্ধের বড় পার্থক্য হলো, খামেনি নিহত হলেও ইরানের সামরিক শক্তি ও কৌশল দমে যায়নি। বরং শুরুর তুলনায় দিনে দিনে তারা আরও কৌশলী হয়ে উঠছে।
কোনো উপায়ান্তর না দেখে যুদ্ধবিরতি ঘোষণা করে ইরানের কর্তৃপক্ষের সঙ্গে আলোচনায় বসার চেষ্টা করেছে মার্কিন কর্তৃপক্ষ। পাকিস্তানের ইসলামাবাদে অনুষ্ঠিত প্রথম দফার সেই বৈঠক ফলশূন্য। একই শহরে দ্বিতীয় দফার আলোচনার আয়োজন করা হলেও তা শেষ পর্যন্ত আর হয়নি। হরমুজ প্রণালি হলো বিশ্ব অর্থনীতির টুঁটি। সেটা চেপে ধরে ইরান বুঝিয়ে দিয়েছে, তারা সামরিক শক্তিতে যুক্তরাষ্ট্রের তুলনায় দুর্বল হলেও দমে যাওয়ার পাত্র নয়। কূটনৈতিক প্রচেষ্টায় কোনো ফল না পেয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হরমুজ প্রণালি ইরানের দখলমুক্ত করারও চেষ্টা করেছেন। সেখানে ইরানি জাহাজ অবরোধের পাশাপাশি মিত্রদের জাহাজ চলাচলে সামরিক শক্তি প্রয়োগের চেষ্টা করেছেন তিনি। কিন্তু তাতেও ফল হয়নি। বরং একসময় হাল ছেড়ে দিয়ে হরমুজ থেকে সরে যায় মার্কিন বাহিনী।
ট্রাম্প ঘোষিত একের পর এক যুদ্ধবিরতি আর দুই পক্ষের পাল্টাপাল্টি শর্তের মধ্যেই এখন ইরান যুদ্ধের উত্তেজনা সীমিত হয়ে পড়েছে। সর্বশেষ ইরান যুদ্ধ বন্ধে যে প্রস্তাব দিয়েছে, তা অগ্রহণযোগ্য বলে ঘোষণা দিয়েছেন ট্রাম্প। দুই দিন আগে তিনি বলেছেন, ইরানের সঙ্গে চলমান যুদ্ধবিরতি ক্রমেই আরও বেশি ভঙ্গুর হয়ে উঠছে। এর মাধ্যমে তিনি মূলত ইরানে আবারও হামলা চালানোর হুমকি দিচ্ছেন। তিনি হয়তো প্রত্যাশা করছেন, ইরান এই হুমকিতে ভয় পেয়ে তাঁর শর্তে রাজি হয়ে যাবে এবং তিনি যুক্তরাষ্ট্রকে চূড়ান্ত বিজয়ী ঘোষণা করে ইরানের দিক থেকে মনোযোগ সরাতে পারবেন।
কিন্তু আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলোর বিভিন্ন প্রতিবেদন ও বিশ্লেষণে যা আঁচ করা যাচ্ছে, তা হলো-ইরান সহজে বশে আসবে না। তারা বুঝে গেছে, হরমুজ প্রণালি পারমাণবিক বোমার চেয়েও বড় 'বোমা'। এই প্রণালিকে অস্ত্র হিসেবে ব্যবহার করলে রথী-মহারথীরা বশে না এলেও কথা শুনতে বাধ্য। আর তাই তো যেকোনো মূল্যে ইরান হরমুজ নিজেদের দখলে রাখতে মরিয়া। তাদের দেওয়া শর্তাবলিতে হরমুজের ওপর ইরানের সার্বভৌমত্ব মেনে নেওয়ার শর্ত সবচেয়ে গুরুত্বের সঙ্গে আছে।
এখন প্রশ্ন হলো, এই অচলাবস্থা কি ট্রাম্প মেনে নেবেন? তিনি কি মৌন পরাজয় মেনে ইরান থেকে সরে আসবেন? বাস্তবতা বলছে, ট্রাম্পের সামনে বিকল্প আছে খুব কমই। প্রথমত, এই যুদ্ধে ইসরায়েল ছাড়া যুক্তরাষ্ট্রের কোনো মিত্র নেই। উপসাগরীয় অঞ্চলে যুক্তরাষ্ট্রের মিত্রদেশগুলো আছে দোটানায়, সংশয়-শঙ্কায়। ফলে তাদের কাছ থেকে যুক্তরাষ্ট্র প্রত্যাশিত সহযোগিতা পায়নি, পাবেও না। ইউরোপীয় মিত্ররাও ইরান প্রশ্নে একেবারেই পিঠ দেখিয়ে দিয়েছে যুক্তরাষ্ট্রকে। এদিকে ইসরায়েলের প্ররোচনায় হোক কিংবা নিজ তাগিদে, এ যুদ্ধে জড়িয়ে যুক্তরাষ্ট্রকে ক্ষতি তো অবশ্যই স্বীকার করতে হয়েছে। মার্কিন বাহিনীর প্রাণহানির সংখ্যা হয়তো ইরানের তুলনায় নগণ্য। কিন্তু উপসাগরীয় অঞ্চলে এত দিন যে দাপটের সঙ্গে মার্কিন বাহিনী তার উপস্থিতি জানান দিয়েছে, সেই দাপটে বড়সড় কুঠারাঘাত করেছে ইরান।
এদিকে আর মাত্র কয়েক মাস পরই যুক্তরাষ্ট্রে মধ্যবর্তী নির্বাচন। মার্কিন সংবাদমাধ্যমগুলোর তথ্যমতে, এখন ট্রাম্পের জনসমর্থনের রেটিং ৩০ বা তারও কম। ইরান যুদ্ধের কারণে তেল-গ্যাসের বাজার যেভাবে অস্থির হয়ে উঠেছে, তার প্রভাব এরই মধ্যে পড়েছে যুক্তরাষ্ট্রের সাধারণ মানুষের জীবনে। নিত্যপ্রয়োজনীয় সব পণ্যের দাম বাড়ছে যুক্তরাষ্ট্রের বাজারে। ফলে ভোটাররা ভালো নেই। সেই ভালো না থাকার মূল্য ট্রাম্পকে অবশ্যই চোকাতে হবে নির্বাচনে। তাঁর জনসমর্থনে ভাটা পড়ার খেসারত দিতে হবে মধ্যবর্তী নির্বাচনে রিপাবলিকান এরপর ৪০ পৃষ্ঠায়



# বিএনপির ‘সবার আগে বাংলাদেশ’ ও বৈরী বাস্তবতা

বিএনপি হামের টিকা না কেনার জন্য অন্তর্বর্তী সরকারের সমালোচনা করছে। কিন্তু অসম মার্কিন চুক্তি নিয়ে একটাও কথা বলছে না। সরকারের নীতিনির্ধারকদের বোঝা উচিত, এ রকম একটি অন্যায্য চুক্তি মেনে নিয়ে আর যা-ই হোক, সবার আগে বাংলাদেশ করা সম্ভব নয়। অন্তত এ চুক্তি সম্পর্কে নির্বাচিত সরকারের ব্যাখ্যাটি জানার অধিকার তো জনগণের আছে। প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা জাহেদ উর রহমান গত রোববার বলেছেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের বাণিজ্যচুক্তিটি সরকার বাতিল করছে না, পর্যালোচনা করছে। এর মাধ্যমে হয়তো তিনি স্বীকার করে নিলেন যে চুক্তিতে এমন কিছু আছে, যা বিনা বাক্যে মেনে নেওয়া যায় না। সরকার যদি সবার আগে বাংলাদেশ বাস্তবায়ন করতে চায়, তাহলে চুক্তিটি নিয়ে জনপরিসরে বিস্তারিত আলোচনা হওয়া প্রয়োজন

সোহরাব হাসান



সারা বিশ্বে রাজনৈতিক দলগুলো নির্বাচনী রাজনীতিতে যে নতুন নতুন স্লোগান নিয়ে আসে, বাংলাদেশও তার ব্যতিক্রম নয়। ২০০৮ সালে আওয়ামী লীগ ‘দিনবদলের সনদ’ স্লোগান সামনে এনেছিল। ২০২৬ সালের নির্বাচনে বিএনপি ‘সবার আগে বাংলাদেশ’ স্লোগান সামনে নিয়ে আসে। মাঝখানে যে তিনটি একতরফা ও জবরদস্তির নির্বাচন হয়েছে, তাতে ভোটারদের আকৃষ্ট করার জন্য স্লোগানের প্রয়োজন পড়েনি। কেননা, সেখানে ভোটাররা মুখ্য ছিলেন না।

সাড়ে পনেরো বছরের আওয়ামী শাসনামলে আর্থসামাজিক ক্ষেত্রে উন্নয়ন হলেও সবার দিন যে বদল হয়নি, বর্তমান বাংলাদেশই তার প্রমাণ। মাথাপিছু আয় ও উচ্চ প্রবৃদ্ধি সব সময় উন্নয়নের পরিমাপক নয়। স্বাধীনতার ৫৫ বছর পরও যখন দেখি দেশের এক-পঞ্চমাংশ মানুষ দারিদ্র্যসীমার নিচে বাস করছে এবং তাদের একাংশ জীবনধারণের মৌলিক অধিকার থেকে বঞ্চিত, তখন উন্নয়ন নামের শুভংকরের ফাঁকিটি ধরা পড়ে যায়।

এ প্রেক্ষাপটে ১২ ফেব্রুয়ারির নির্বাচনে বিএনপির ‘সবার আগে বাংলাদেশ’ স্লোগানটি পরিবর্তনাকাঙ্ক্ষী মানুষের মনোযোগ কেড়েছিল বলেই তারা দুই-তৃতীয়াংশের বেশি আসনে জয়ী হয়েছে। কোনো দলের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা পাওয়া যেমন বিরাট সাফল্য, তেমন বিপদেরও কারণ হয়ে থাকে। অন্তত বাংলাদেশের রাজনৈতিক অভিজ্ঞতা তা-ই বলে।

বিএনপির নির্বাচনী ইশতেহারের ভূমিকায় লেখা আছে, ‘জনগণের রায়ে দায়িত্ব পেলে বিএনপি এমন একটি বাংলাদেশ গড়ে তুলবে, যেখানে ভোটের মর্যাদা থাকবে; সন্ত্রাস, দুর্নীতি ও বৈষম্যের অবসান হবে; আইনের ঊর্ধ্বে কেউ থাকবে না এবং প্রতিটি নাগরিক গর্ব করে বলতে পারবে, সবার আগে বাংলাদেশ।’ আমরা আশা করি, এটা শুধু কথার কথা হবে না। বিএনপির নেতৃত্ব এমন একটি বাংলাদেশ গড়ে তুলতে চাইবে, যেখানে ধর্ম-বর্ণ-জাতিনির্বিশেষে সব মানুষ সমমর্যাদার অধিকারী হবে। দলীয়, ধর্মীয় বা নারী-পুরুষ পরিচয়ে কারও প্রতি বৈষম্য করা হবে না।




সবার আগে বাংলাদেশ করতে হলে আইএমএফ, বিশ্বব্যাংকসহ বিদেশি দাতাদের সব ধরনের চাপ অগ্রাহ্য করতে হবে। কিন্তু সরকার এ জন্য প্রস্তুত আছে কি না, সেটাই প্রশ্ন। সবার আগে বাংলাদেশ করতে হলে ফ্যামিলি কার্ড, কৃষক কার্ডই যথেষ্ট নয়। এগুলো সাময়িক স্বস্তিরূপ হতে পারে। না খেতে পারা মানুষকে খাইয়ে বাঁচিয়ে রাখা অর্থনৈতিক উন্নয়নে খুব বেশি সুফল দেয় না।

চব্বিশের গণ-অভ্যুত্থানের মূল কথা ছিল বৈষম্যের অবসান। কিন্তু অন্তর্বর্তী সরকারের ১৮ মাসের শাসনে সেই বৈষম্য না কমে আরও বেড়েছে। মব-সন্ত্রাস সমাজের প্রান্তিক জনগোষ্ঠীকে আরও প্রান্তিক করেছে। নিরাপত্তাহীনতার কারণে সামাজিক ও রাজনৈতিক পরিসরে নারীর উপস্থিতি আরও কমেছে। দু-একটি উদাহরণ দিই।

রাষ্ট্র সংস্কারের লক্ষ্যে অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে যে জাতীয় ঐকমত্য কমিশন গঠিত হয়েছিল, সেই কমিশনে কোনো নারী বা সংখ্যালঘু প্রতিনিধি ছিল না। এই কমিশন যে ঐকমত্য প্রতিষ্ঠা করতে ব্যর্থ হয়েছে, তা এর সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিরাই বলেছেন। নারীবিষয়ক সংস্কার কমিশনের প্রধান শিরীন পারভিন হক বলেছেন, জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় রাজনৈতিক দলগুলো যে সনদে সই করেছে, সেটা পুরুষ অধিকার রক্ষার দলিল।

সংবিধান সংস্কার কমিশনের দুজন সদস্য শরীফ ভূঁইয়া ও ফিরোজ আহমেদ কমিশনের কাছে যে ভিন্নমত দিয়েছিলেন, তা ১১ মে প্রথম আলোয় প্রকাশিত হয়েছে। এর মাধ্যমে তাঁরা জাতির কাছে নিজেদের অবস্থান পরিষ্কার করেছেন এবং কমিশনের ফাঁকফোকর ছিদ্রগুলো তুলে ধরেছেন। অন্যান্য কমিশনেও নিশ্চয়ই দু-চারজন ভিন্নমত পোষণকারী সদস্য ছিলেন।

আর্থসামাজিক বিষয়ে রাষ্ট্রের যে বৈষম্যমূলক নীতি ও অনাচার চলে আসছে বহু বছর ধরে, সেসব বিষয়ে জাতীয় ঐকমত্য কমিশন হাত দেয়নি। এমনকি রাজনৈতিক দলের গণতন্ত্রায়ণ নিয়েও কিছু বলেনি। মতাদর্শের দিক থেকে পরস্পরবিরোধী দলগুলোকে এক টেবিলে বৈঠকে বসিয়ে সংস্কারের নামে কমিশন একটা গোঁজামিল দিয়েছে, যা সমস্যা সমাধানের বদলে নতুন সংকট তৈরি করেছে।

সবার আগে বাংলাদেশ করতে বিএনপি দুর্নীতি, বৈষম্য ও সন্ত্রাসের অবসান ঘটানোর কথা বলেছে। গণতান্ত্রিক কাঠামো সুদৃঢ় করার কথা বলেছে। কিন্তু সেটি বর্তমান আর্থসামাজিক ক্ষেত্রে যে অনাচার চলছে, সেগুলো বহাল রেখে কি সম্ভব? যে অর্থনীতির সুফল সমাজের মুষ্টিমেয় মানুষ পায় আর বৃহত্তর জনগোষ্ঠী বঞ্চিত থাকে, সেই অর্থনীতি টিকিয়ে রেখে বৈষম্য কমানো যাবে না। আর বৈষম্য না কমলে দুর্নীতির বিস্তারও রোধ করা যাবে না।

সবার আগে বাংলাদেশ করতে হলে আইএমএফ, বিশ্বব্যাংকসহ বিদেশি দাতাদের সব ধরনের চাপ অগ্রাহ্য করতে হবে। কিন্তু সরকার এ জন্য প্রস্তুত আছে কি না, সেটাই প্রশ্ন। সবার আগে বাংলাদেশ এরপর ২৬ পৃষ্ঠায়



# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES



## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
**(To schedule appointment only)**



Michael Taub, Esq.



Moin Choudhury, Esq.

**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**
## বিনামূল্যে পরামর্শ
**প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন**

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা


## IMMIGRATION
(Consultation fee applies)








## ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি



Attorney
Michigan Only.




Attorney
Michigan Only.



Attorney
New Jersey Only



Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only



Attorney
Pennsylvania Only

## WWW.MOINLAW.COM

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# ‘এবার রাম, পরে বাম’: বাম ভোটাররা যেভাবে নীরবে বিজেপিকে জেতালেন

একটি ভিডিওতে দেখা গেছে, ভোটের দ্বিতীয় দফা শেষ হওয়ার পর সিপিএম কর্মীরা ধীরে ধীরে দলীয় পতাকা নামিয়ে যত্ন করে সংরক্ষণ করছেন-যেন সামনে আরও বড় লড়াইয়ের প্রস্তুতি চলছে। এখন যখন ‘জোড়া ফুল’ শাসনের অধ্যায় অতীত, তখন বামদের সামনে পথ স্পষ্ট। তাদের সামনে দুটি সম্ভাবনা- একদিকে তৃণমূলের ফাঁকা হয়ে যাওয়া বিরোধী জায়গা দখল করে বিজেপির বিরুদ্ধে প্রধান প্রতিপক্ষ হয়ে ওঠা এবং সেই সঙ্গে বিজেপির দিকে সরে যাওয়া হতাশ বাম সমর্থকদের ফের টেনে আনা। অন্যদিকে, যদি তা না পারে, তাহলে ২০১১-এর পর যেভাবে প্রান্তিকতায় চলে গিয়েছিল, সেই চক্রেই আটকে পড়ার ঝুঁকি থেকে যাবে। সবশেষে বলা যায়, বাম সমর্থকেরা তাঁদের মতো করেই কাজটা করেছেন। ‘এবার রাম, পরে বাম’-এই কৌশলেই তাঁরা তৃণমূলকে পরাজিত করতে সাহায্য করেছেন। এখন দেখার, সেই কৌশলের পরবর্তী অধ্যায় কীভাবে লেখা হয়

শৌনক সান্যাল



‘আমাদের দল আগের মতো শক্তিশালী নেই। তাই আমাদের অনেক সমর্থক তৃণমূলকে হারাতে বিজেপিকে ভোট দিয়েছে’-পশ্চিমবঙ্গের নিউ ব্যারাকপুরের সিপিআই (এম) কর্মী সঞ্জিত রায়ের এই কথাতেই যেন ধরা পড়ে সাম্প্রতিক নির্বাচনের এক অদ্ভুত বাস্তবতা।

পশ্চিমবঙ্গে বিজেপির উত্থান মূলত তৃণমূল কংগ্রেসের ক্ষতির বিনিময়ে হলেও এই উত্থানের পেছনে নীরবে বড় ভূমিকা নিয়েছে বাম ভোটারদের একাংশ। শুনতে অস্বাভাবিক লাগলেও এই রাজনৈতিক পরিবর্তনের মধ্যে লুকিয়ে আছে ‘লালের’ ছাপ।

এই বিষয়টির ইঙ্গিত দেন পশ্চিমবঙ্গের বর্তমান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নিজেই। ৪ মে ভবানীপুরে জয়ের পর ভাষণে তিনি বলেন, ‘ভবানীপুরে সিপিএমের প্রায় ১৩ হাজার ভোট ছিল, তার মধ্যে অন্তত ১০ হাজার ভোট আমার দিকে এসেছে। এ জন্য আমি সিপিএম ভোটারদের ধন্যবাদ জানাই।’

এই আসনে তিনি তৃণমূল নেত্রী ও সদ্য সাবেক হওয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে পরাজিত করেন।

এই ভোট স্থানান্তরের ঘটনা শুধু ভবানীপুরেই সীমাবদ্ধ ছিল না। রাজ্যের একাধিক আসনে একই চিত্র দেখা গেছে। এর মধ্যে উত্তর দমদম এলাকাও রয়েছে। এই কেন্দ্রের অন্তর্গত নিউ ব্যারাকপুরে দীর্ঘদিন ধরে সিপিএমের ভালো ভোটব্যাংক ছিল। কিন্তু ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে সেখানে জয় পায় বিজেপি। অথচ বামপন্থীরা সেখানে প্রার্থী করেছিল নতুন প্রজন্মের নেতা দীপ্সিতা ধরকে। তিনি পুরোনো নেতৃত্বের জায়গা নিতে উঠে আসছিলেন।

ভোটারদের দলবদল নতুন কিছু নয়। কিন্তু বাম ভোটারদের ক্ষেত্রে বিষয়টি আলাদা। কারণ, সিপিএমের মতো দলগুলো মূলত সংগঠনভিত্তিক, যেখানে কর্মীরা আদর্শে বিশ্বাসী এবং অনেকেই ছাত্রজীবন থেকেই বাম রাজনীতির সঙ্গে যুক্ত। একসময় পশ্চিমবঙ্গে টানা ৩৪ বছর ক্ষমতায় থাকা এই দলগুলোর বিস্তৃত সংগঠনও ছিল।



তবু বিশেষজ্ঞ, ভোটার এবং বাম কর্মীদের মতে, বাম থেকে ডানপন্থায় ঝোঁকার এই প্রবণতা নতুন নয়। ২০১৮ সালের পঞ্চায়েত নির্বাচনের পর তৃণমূলের হাতে বাম কর্মীদের ওপর হামলার অভিযোগ ওঠে। সেই সময় থেকেই অনেক বাম সমর্থক বিজেপির দিকে ঝুঁকতে শুরু করেন; কারণ তখন বিজেপি রাজ্যে শক্তি বাড়াচ্ছিল।

এর প্রভাব স্পষ্ট হয় ২০১৯ সালের লোকসভা নির্বাচনে। এই সময় বিজেপি মাত্র দুটি আসন থেকে বেড়ে ১৮টি আসন জেতে। ২০২১ সালের বিধানসভা নির্বাচনেও বিজেপির আসন সংখ্যা বেড়ে দাঁড়ায় ৭৭-এ।

এই পরিবর্তনের পেছনে বামদের একধরনের কৌশলও কাজ করেছে বলে অনেকে মনে করেন। কৌশলটা অনেকটা মার্শাল আর্টের লড়াইয়ের মতো, যেখানে লড়াই থেকে সাময়িক সরে গিয়ে পরে আবার শক্তি সঞ্চয় করে ফিরে আসা হয়। অর্থাৎ আপাতত পিছিয়ে গিয়ে ভবিষ্যতে আবার লড়াইয়ের প্রস্তুতি নেওয়া।

মাঠে-ঘাটে তার প্রভাবও দেখা যাচ্ছে। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া কিছু ভিডিওতে দেখা গেছে, তৃণমূলের দখলে থাকা বাম দলের পুরোনো পার্টি অফিসগুলো ধীরে ধীরে তারা ফেরত নিচ্ছে।

অনেকে মনে করেন, এই নির্বাচনে কেন্দ্রীয় বাহিনীর বড় উপস্থিতিও গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর উপস্থিতি ভোটারদের মধ্যে নিরাপত্তার অনুভূতি বাড়িয়েছে এবং তারা নির্ভয়ে ভোট দিতে পেরেছেন।

সঞ্জিত রায়ের কথায়, ‘প্রতিটি নির্বাচনে তৃণমূলের পক্ষ থেকে ভয় ও হিংসার পরিবেশ তৈরি হতো বলে বাম ভোটাররা হতাশ হয়ে পড়েছিলেন। কিন্তু এবার সিআরপিএফ জওয়ানদের ব্যাপক উপস্থিতির কারণে অনেক বেশি মানুষ স্বাধীনভাবে ভোট দিতে পেরেছেন।’

সব মিলিয়ে, পশ্চিমবঙ্গের এই নির্বাচনে এক অদ্ভুত রাজনৈতিক সমীকরণ সামনে এসেছে, যেখানে আদর্শগতভাবে বিপরীত দুই শিবিরের মধ্যে নীরব সমঝোতা তৈরি হয়ে গেছে। আর সেই সমীকরণই রাজ্যের রাজনীতির চেহারা বদলে দিয়েছে।

বাংলার বাম ভোটাররা কবে বিজেপির দিকে ঝুঁকেছিল?

দীর্ঘ ৩৩ বছর ১০ মাস ক্ষমতায় থাকার পর ২০১১ সালে সিপিআই (এম)-নেতৃত্বাধীন বামফ্রন্ট ক্ষমতা হারায়। কিন্তু তাতেই বাম রাজনীতি বাংলার মাটি থেকে মুছে যায়নি। বরং বাম দলগুলো পরবর্তী সময়েও জোরালোভাবে নির্বাচনে লড়াই চালিয়ে গেছে। কলকাতার ময়দান ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে সিপিএমের বার্ষিক সমাবেশে এখনো লাখ লাখ কর্মী-সমর্থক জড়ো হন।

তবু বাস্তবতা বলছে, বামদের রাজনৈতিক শক্তি ক্রমে ক্ষয়প্রাপ্ত হয়েছে। বিশেষ করে সিপিএমের ক্ষেত্রে এই পতন সবচেয়ে স্পষ্ট। ২০১১ সালে যেখানে তাদের ভোট শতাংশ ছিল ৪১ দশমিক ০৯, ২০২৬ সালে তা নেমে দাঁড়ায় মাত্র ৪ দশমিক ৪ শতাংশে। প্রথমে তাদের ভোটব্যাংকের বড় অংশ সরে যায় মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল কংগ্রেসের দিকে, পরে সেই সমর্থনের একাংশ এরপর ৩৯ পৃষ্ঠায়

# থালাপতির উত্থানের নেপথ্য: ভারতের স্থানীয় ও জাতীয় রাজনীতিতে এর প্রভাব

আব্দুর রহমান


ভারতের জাতীয় এবং তামিলনাড়ুর রাজনীতিতে সাবেক অভিনেতা জোসেফ বিজয় ওরফে থালাপতি বিজয়ের উত্থান চমকের সৃষ্টি করেছে। অবশ্য তামিল রাজনীতিতে অভিনেতা থেকে রাজনীতিবিদে পরিণত হওয়া নতুন কোনো বিষয় নয়। বিজয়ের আগে এমজিআর-এমজি রামাচন্দ্রন এবং জয়ললিতা জয়রাম সিনেমার জগৎ থেকে এসে রাজ্যের মুখ্যমন্ত্রী হয়েছেন। এমজিআর তাঁর প্রতিষ্ঠিত দল অল ইন্ডিয়া আন্না দ্রাবিড়া মুনেত্রা কাজাগামকে (এআইএডিএমকে) কেন্দ্র রাজনীতি করে মুখ্যমন্ত্রী হয়েছেন। জয়ললিতাও এই প্ল্যাটফর্ম ব্যবহার করেই একাধিকবার মুখ্যমন্ত্রী হয়েছেন।

তবে বিজয়ের ব্যাপারটি এই দুজনের চেয়ে বেশ খানিকটা আলাদা। এমজিআর ও জয়ললিতা যেখানে পুরোনো প্রতিষ্ঠিত রাজনৈতিক দলের হাত ধরে রাজনীতিতে যাত্রা শুরু করেছিলেন, সেখানে থালাপতি বিজয় নিজের প্রতিষ্ঠিত রাজনৈতিক দল নিয়ে একেবারে শূন্য থেকে শুরু করেছেন। বছর দুয়েক আগে থালাপতি তাঁর রাজনৈতিক দল তামিলাগা ভেত্রি কাজাগাম (টিভিকে) শুরু করলেও তাঁর এই লক্ষ্যে যাত্রা শুরু মূলত ২০০৯ সালে। তখন থেকেই বিজয় তাঁর ভক্তভিত্তি পুনর্গঠনের কাজ শুরু করেন। সে সময় রাজ্যজুড়ে বিজয় তাঁর ফ্যান ক্লাবগুলোকে সংগঠিত করে ‘বিজয় মাক্কাল ইয়াক্কাম’ নামের সংগঠনে রূপ দেন। প্রথম দিকে এটি ছিল কল্যাণ ও সেবামূলক নেটওয়ার্ক। কিন্তু ধীরে ধীরে ত্রাণকাজ, শিক্ষা সহায়তা এবং স্থানীয় উদ্যোগের মাধ্যমে বুথ পর্যায়ে পরিচিতি তৈরি করে।

এরপর ২০১১ সালের বিধানসভায় এই প্ল্যাটফর্ম প্রকাশ্যে এআইএডিএমকের জোটকে সমর্থন দেয়। এটি ছিল বিজয়ের প্রথম সরাসরি নির্বাচনী অবস্থান। এরপর ২০১০-এর দশকের শেষ ভাগ ও ২০২০-এর শুরুর দিকে বিজয়ের চলচ্চিত্রে ক্রমেই রাজনৈতিক সুর বাড়তে থাকে। ২০১৯ সালে নাগরিকত্ব সংশোধনী আইনের (সিএএন) সমালোচনা তাঁর সিনেমার বাইরেও অবস্থান নেওয়ার ইঙ্গিত দেয়।

চলচ্চিত্রে স্টারডম বা তারকাখ্যাতির দিক থেকে বিজয় হয়তো কমল হাসান বা রজনীকান্তের পর্যায়ে নন, কিন্তু বক্স অফিসে তাঁর সফলতা ও বিশাল ভক্ত-সমর্থক গোষ্ঠীর প্রভাব নিঃসন্দেহে গভীর প্রভাবশালী। নাচ, কমেডি আর জনমুখী সিনেমার ভাষা বোঝার তীক্ষ্ণ ক্ষমতাই তাঁর মূল শক্তি। তবে বিজয়ের তারকাখ্যাতি আকস্মিকভাবে গড়ে ওঠেনি। এই বীজটি রোপণ করেছিলেন তাঁর বাবা। তাঁর বাবার মধ্যে কমিউনিস্ট ঝোঁক ছিল এবং তিনি রাজনীতিতে যোগ দেওয়ার ব্যাপারেও বেশ আগ্রহী ছিলেন। চলচ্চিত্র নির্মাতা বাবা সেই কাজে সফল না হলেও বিজয় সফল হয়েছেন। বাবার দেখানো পথ ধরে বিজয় সব সময়ই সেক্যুলার এবং বিরোধিতা করেছেন ধর্মভিত্তিক জাতীয়তাবাদী রাজনীতির।

যা-ই হোক, ২০২১ সালে তামিলনাড়ুর স্থানীয় সরকার নির্বাচনে বিজয়ের ‘মাক্কাল ইয়াক্কামের’ প্রার্থীরা যে আসনে প্রতিদ্বন্দ্বিতা করেন, তার বেশির ভাগই জিতে নেন। এতে প্রমাণিত হয়, বিজয়ের এই নেটওয়ার্ক শুধু জনসমাগম নয়, ভোটও টানতে পারে। এবং সেটার প্রমাণ পাওয়া গেছে রাজসভা নির্বাচনেও। বিজয়ের দল ১০৮টি আসন জিতে



প্রধান দলে পরিণত হয় এবং কংগ্রেস ও বামপন্থী দলগুলোর সহায়তা নিয়ে সরকারও গঠন করেছে।

বিজয়ের জয়ের নেপথ্যে কয়েকটি স্পষ্ট ও পরস্পর সম্পর্কিত কারণ কাজ করেছে। প্রথমত, দীর্ঘদিনের তারকাখ্যাতি এবং ভক্ত-নেটওয়ার্ককে রাজনৈতিক সংগঠনে রূপান্তর করার ক্ষেত্রে মুনশিয়ানার পরিচয় দিয়েছেন তিনি। গত প্রায় দুই দশকে তাঁর ফ্যান ক্লাবগুলো রক্তদান ও ত্রাণের মতো জনসেবামূলক কাজ করে জনগণের বিশ্বাস অর্জন করে ভোটব্যাংকের আস্থা তৈরি করেছে। দ্বিতীয়ত, তিনি সময়োপযোগী রাজনৈতিক অবস্থান গ্রহণ করেছেন। তামিল জনগণের মাঝে ‘দ্রাবিড়’ পরিচয়ের রাজনীতির সমালোচনা ও অস্থিতিশীলতা তিনি চোখে আঙুল দিয়ে দেখিয়েছেন। একই সঙ্গে অনিশ্চিত এই রাজনীতির দুই প্রধান দলের প্রতি জনগণের ‘ক্লান্তি’ বা এই রাজনীতি পরিবর্তনের মনোভাবকে বিজয় ভালোভাবে ক্যাশ করেছেন। তৃতীয়ত, নিজের দলকে তিনি দ্রুত পেশাদার ও কার্যকরী সাংগঠনিক কাঠামো দিয়েছেন। শুধু ভক্তদের আবেগের ওপর ভরসা না রেখে স্থানীয় পর্যায়ে কো-অর্ডিনেশন, ট্রেইনিং ও ডেটা-ড্রাইভেন কর্মসূচি চালু করায় ভক্তকুলকে দলীয় ভোটারে রূপান্তর সম্ভব হয়েছে। চতুর্থত, নির্বাচনী বার্তা ও প্রতিশ্রুতি তাঁর জয়ে বড় ভূমিকা রেখেছে। সামাজিক কল্যাণ, দুর্নীতিবিরোধী অঙ্গীকার এবং সহজে বোঝা যায় এমন প্রতিশ্রুতি (যেমন নারী ও গরিবদের জন্য তহবিল, নির্দিষ্ট সহায়তা) জনসাধারণের কাছে আকর্ষণীয় ও বাস্তবসম্মত লেগেছে। ফলে তাঁর ফ্যানবেজ ছাড়াও ভোটারদের অন্যান্য শ্রেণিও আকৃষ্ট হয়েছে। পঞ্চমত, দুর্বলতাকে শক্তিতে পরিণত করার কৌশল হিসেবে তিনি সিনেমার নাটকীয়তা, ব্যক্তিগত ইমেজ ও গণমাধ্যম ব্যবহারে দক্ষতা দেখিয়েছেন। তাঁর সেলিব্রিটি ইমেজ ও সিনেমার গল্পকে তিনি রাজনৈতিক ন্যারেটিভে বদলে দেওয়ার ক্ষেত্রেও ব্যাপক মুনশিয়ানা দেখিয়েছেন, যা তাঁকে জনগণের মাঝে জনপ্রিয় হতে সহায়তা করেছে।

থালাপতি বিজয়ের উত্থানে তামিলনাড়ুর স্থানীয় রাজনীতিতে নতুন রাজনৈতিক ধারা তৈরি করেছে। রাজ্যের প্রধান দুই দ্রাবিড়ীয় রাজনৈতিক দল ডিএমকে ও এআইডিএমকের ভোটব্যাংকে ফাটল দেখা দিয়েছে। ফলে বিধানসভার আসনবণ্টন এবং জোটকাঠামোতে এরপর ৪০ পৃষ্ঠায়



অবশ্য যেভাবে ভারতের রাজ্যে রাজ্যে বিজেপির জয়রথ চলছে, তাতে হয়তো অদূর ভবিষ্যতে তামিলনাড়ুতেও বিজেপি সরকার দেখা যাবে। সে ভিন্ন কথা। মূল প্রসঙ্গ হলো, বামেরা আর ভারতের কোনো সরকারেই নেই। এই না থাকাটাই বড় অশনিসংকেত তাদের জন্য। কারণ, কেরালা বাদে বাকি যে দুই রাজ্য বামেদের ছিল, সেখানে দীর্ঘদিন শাসন করার পর তারা বলতে গেলে ক্ষমতা থেকে হারিয়ে যাচ্ছে। কেরালা ভিন্ন। এখানে বারবার কংগ্রেস আর বামেরা ক্ষমতায় এসেছে। যদি রাজনীতিটা ঠিকঠাক এবার গুছিয়ে নিতে পারে বামেরা, তাহলে হয়তো পরবর্তী বিধানসভা নির্বাচনের পর আবার কেরালায় বাম সরকার দেখা যেতে পারে। কিন্তু রাজনীতি গোছাতে না পারলে, জনঘনিষ্ঠতা বাড়াতে না পারলে ভারত থেকে বামদের মুছে যাওয়ার দিন আর বেশি নেই


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084 Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213 +88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828


www.nyboimela.org
বইমেলার ৩৫ বছর
যত বই তত প্রাণ
নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা ২০২৬
NEW YORK INTERNATIONAL BANGLA BOOK FAIR 2026
•২২ মে, ২০২৬
বিকেল ৬টা থেকে রাত ১১টা
•২৩-২৫ মে, ২০২৬
সকাল ১১টা থেকে রাত ১১টা
স্থান Jamaica Performing Arts Center (JPAC)
153-10 Jamaica Ave, Jamaica, NY 11432
[ Take the E Train to Jamaica Center- Persons/Archer Ave station, and exit via 153rd Street & Archer Ave ]
শ্রদ্ধাঞ্জলি
জন্মশতবর্ষ
শামসুদ্দীন আবুল কালাম
মহাশ্বেতা দেবী
উদ্বোধক
ইমদাদুল হক মিলন
প্রধান অতিথি
অধ্যাপক রেহমান সোবহান
বিশেষ অতিথি
BOWERY
বব হোলম্যান
সুবোধ সরকার
ফারুক মঈনউদ্দীন
দীপেন ভট্টাচার্য্য
তৌফিক ইমরোজ খালিদী
সাদাত হোসাইন
সম্মানিত অতিথি
অধ্যাপক ড. রওনক জাহান
ফরিদুর রেজা সাগর
আমন্ত্রিত শিল্পী
অদিতি মহসিন
আমন্ত্রিত লেখক
ড. আবদুন নুর । অধ্যাপক মোস্তফা সারওয়ার
গৌতম দত্ত । কৌশিক সেন । অধ্যাপক বিরূপাক্ষ পাল
নজরুল মিন্টো । অধ্যাপক সৌরভ সিকদার । রুমা মোদক
জাফর আহমদ রাশেদ । মোকারম হোসেন
অধ্যাপক শামীম রেজা । রুদ্র শংকর । ফারুক আহমেদ
আশিক মুস্তফা । পারমিতা হিম
আমন্ত্রণে
ড. নজরুল ইসলাম
আহ্বায়ক, ৩৫তম নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা
অধ্যাপক জিয়াউদ্দিন আহমেদ
চেয়ারপারসন
মুক্তধারা ফাউন্ডেশন
বাংলাদেশ, পশ্চিমবঙ্গ ও যুক্তরাষ্ট্রের ২৫টি প্রকাশনা সংস্থার অংশগ্রহণ
অঙ্কুর প্রকাশনী । অন্বয় প্রকাশ । অভ্র প্রকাশন । অনন্যা । আহমদ পাবলিশিং হাউস । ইত্যাদি গ্রন্থ প্রকাশ । ইউনিভার্সিটি প্রেস লিমিটেড । কথাপ্রকাশ
কাকলী প্রকাশনী । কাশবন প্রকাশন । কবি প্রকাশনী । গ্রন্থকুটির । জলধি । নালন্দা । প্রথমা প্রকাশন । বেঙ্গল বুকস । বাতিঘর । বিদ্যাপ্রকাশ
মাওলা ব্রাদার্স । সময় প্রকাশন । সম্পর্ক পাবলিশার্স । সাহিত্যম । ইসলাম ইন্টারন্যাশনাল পাবলিকেশন । পিজ্জা এন্ড পোয়েট্রি । মুক্তধারা নিউ ইয়র্ক
Mukdadhara Foundation
আয়োজক
মুক্তধারা ফাউন্ডেশন
www.nyboimela.org
Email: nyboimela@gmail.com
Media Partner
CHANNEL i
Principal Patrons
Dr. Ziauddin Ahmed
Dr. Fatema Ahmed
Asabur Rahman Sabu
Mita Rahman
ফোন
1 (347) 735-0405, 1 (610) 203-9695
1 (347) 235-3837, 1 (646) 255-2397
1 (646) 323-3223, 1 (347) 656-5106
শিশু কিশোরদের জন্য
1 (347) 864-1218

## নিউইয়র্কে
# নর্থ আমেরিকা ইলেক্ট্রিক অ্যান্ড এইচভিএসি কর্পের
# গ্র্যান্ড ওপেনিং

NORTH AMERICA EHVAC
Heating, Cooling & Electrical Wholesale
EST. 1876




**বিশ্বস্ততা • মানসম্পন্ন পণ্য • সাশ্রয়ী মূল্য**





### নিউইয়র্কে যাত্রা শুরু

ইলেক্ট্রিক ও এইচভিএসি সরঞ্জামের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান নর্থ আমেরিকা ইলেক্ট্রিক অ্যান্ড এইচভিএসি কর্প। শুক্রবার (৮ মে) ইয়াঙ্কার্সের সেন্ট্রাল পার্ক অ্যাভিনিউয়ে ফিতা কেটে প্রতিষ্ঠানটির শুভ উদ্বোধন করেন গ্রি ম্যাকানিক্যাল ইয়াংকার্সের কর্ণধার ও প্রতিষ্ঠানটির প্রেসিডেন্ট তোফায়েল চৌধুরী লিটন। এরপর প্রতিষ্ঠানটির সাফল্য ও কল্যাণ কামনা করে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

### প্রেসিডেন্টের বক্তব্য

প্রতিষ্ঠানটির প্রেসিডেন্ট তোফায়েল চৌধুরী (লিটন) জানান, মূলত সাশ্রয়ী মূল্যে পাইকারি বিক্রির উদ্দেশ্য আমাদের এ প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়েছে। অনলাইনের মাধ্যমে আমেরিকার ৫০ স্টেট, কানাডা ও বাংলাদেশ থেকে যে কেউ পাইকারি দামে এখান থেকে প্রোডাক্ট ক্রয় করতে পারবে। উত্তর আমেরিকার বাজারে মানসম্পন্ন বৈদ্যুতিক ও এইচভিএসি সরঞ্জাম সহজলভ্য করার লক্ষ্যে প্রতিষ্ঠানটি কাজ করবে বলেও জানান তিনি।

### আমরা যা সরবরাহ করি

- HVAC (Heating, Ventilation, Air Conditioning) সরঞ্জাম
- ইলেকট্রিক্যাল প্যানেল, ব্রেকার, কনডুইট ও ফিটিংস
- ওয়্যার & ক্যাবল, সুইচ, আউটলেট, লাইটিং
- ডাক্ট & ভেন্টিলেশন সিস্টেম, হিট পাম্প, এসি কনডেনসার
- ইলেকট্রিক্যাল টুলস ও টেস্টিং ইকুইপমেন্টসহ আরও অনেক কিছু

### আমাদের সেবা

- পাইকারি মূল্যে সেরা মানের পণ্য
- অনলাইন অর্ডার: USA (50 States), Canada & Bangladesh
- দ্রুত ডেলিভারি ও নির্ভরযোগ্য সেবা
- পেশাদার ইলেকট্রিশিয়ান, টেকনিশিয়ান, কন্ট্রাক্টর এবং সংশ্লিষ্ট ব্যবসায়ীদের জন্য নির্ভরযোগ্য সাপ্লাই হাউস

**আপনাদের সহযোগিতা ও ভালোবাসাই আমাদের এগিয়ে যাওয়ার প্রেরণা। আসুন, একসাথে গড়ি উন্নত ও স্মার্ট ভবিষ্যৎ।**

**VISIT US**
1876 Central Park Avenue
Yonkers, NY 10710
914-202-7215 | 914-989-0089

**SHOP ONLINE**
www.northamericahvac.com
We Deliver Across
USA (50 States), Canada & Bangladesh

**QUALITY PRODUCTS
AFFORDABLE PRICES
RELIABLE SERVICE**

**NORTH AMERICA EHVAC CORP** / Your Trusted Partner for Electrical & HVAC Solutions



TITLE SPONSOR
NY HOME CARE
Get paid to take care of your loved ones
718-874-0047
GOLDEN AGE HOME CARE
PRESENTS
All County Health Care
Abdul Kadar
CEO 646-444-2266
MANAGING PARTNER
POWERED BY
ঠিকানা
DIAMOND SPONSOR
Empire Care Agency
NURUL AZIN
SHAJADI PARVIN SARAH
1st AIDE HOME CARE INC
GOLDSANDS GROUP INC
AKIB HUSSAIN
LOOKING FOR A MORTGAGE? LOW INCOME?
PHONE: 646-920-4799
NEW YORK SENIOR DAYCARE CENTER
ALLCHOICE ENERGY
ELIZABETH POLKE
CHIEF ENERGY
Fuel Oil - Natural Gas - Electricity
prem's collections New York
NAZRUL ISLAM
CALL: 917-459-7181
BANGLADESH DAY PARADE 2026
SUN, MAY 17TH 2026 | @9AM TO 2PM
PLACE: 37 AVE BETWEEN 69TH ST TO 87TH ST JACKSON HEIGHTS
ORGANIZED BY:
JBBA
IMMIGRANTS INTERNATIONAL
SPECIAL SUPPORTED BY
GRAND MARSHAL
M AZIZ & M M SHAHIN
CONVENER
GIASH AHMED
917-744-7308
CHAIRMAN
MOIN CHOUDHURY, ESQ.
917-282-9256
MEMBER SECRETARY
FAHAD SOLAIMAN
347-939-8504
CHIEF EVENT COORDINATOR
FEMD ROCKY
917-664-1405
CHIEF COORDINATOR
ABDUL KADAR
646-444-2266
PARADE COORDINATOR
ABDUS SOBHAN
646-371-3614
MANAGING EVENT PARTNER
FAISAL AZIZ
929-398-0682
SPECIAL THANKS
Premium Sweets
MEDIA PARTNER
ঠিকানা
Rtv
SUPPORTED BY:
Bafa
JBA
fbw
Kiron
SOUND GEAR
CHANNEL 14
AMERICAN BANGLA


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
☐ Personal Tax Filing
☐ Business Tax Filing
☐ New Business Setup
☐ Home & Business Insurance
☐ Immigration Services
☐ ITIN Number Application
☐ Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208



# কমিউনিটির ভালবাসায় অভিষিক্ত শাহ নেওয়াজ





# কমিউনিটির ভালবাসায় অভিষিক্ত শাহ নেওয়াজ

১ পৃষ্ঠার পর

অবদানের ভূয়সী প্রশংসা করেন।

সিটির জ্যাকসন হাইটসের কুইন্স প্যালেসে সোমবার ১১ মে সন্ধ্যায় লায়ন শাহ নেওয়াজের সংবর্ধনা উপলক্ষে এই আনন্দঘন সন্ধ্যার আয়োজন করা হয়। নর্থ আমেরিকা এক্সপেট্রিয়েট বাংলাদেশী এলায়েন্স ছিলো এই অনুষ্ঠানের আয়োজক।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ, ব্যবসায়ী, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দসহ বিপুল সংখ্যক অতিথি উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটি, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের নেতৃবৃন্দ, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা, নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাব, জামাইকা বাংলাদেশী এসোসিয়েশন (জেবিএ) সহ বিভিন্ন সংগঠন, প্রতিষ্ঠান ও ব্যক্তির পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছা এবং ক্রেস্ট ও প্রদান করা হয়। অনুষ্ঠানে বক্তারা লায়ন শাহ নেওয়াজকে একজন ভদ্র, অমায়িক, মানবতাবাদী, পরোপকারী সুন্দর মনের মানুষ হিসেবে উল্লেখ করেন। তারা বলেন, লায়ন্স ইন্টারন্যাশনাল-এর মতো আন্তর্জাতিক সেবামূলক সংগঠনে 'ফার্স্ট ভাইস গভর্নর' পদে শাহ নেওয়াজের নির্বাচিত হওয়া শুধু তাঁর ব্যক্তিগত অর্জন নয়, বরং প্রবাসী বাংলাদেশী কমিউনিটির জন্য গর্বের বিষয়। আগামী বছর তিনি গভর্নর নির্বাচিত হবেন এবং ভবিষ্যতে তিনি ইন্টারন্যাশনাল গভর্নর নির্বাচিত হয়ে শুধু কমিউনিটি নয় বাংলাদেশের মুখ উজ্জ্বল করবেন বলে বক্তারা আশাবাদ ব্যক্ত করেন।

পাশাপাশি লায়ন শাহ নেওয়াজ-এর এই সাফল্যের পিছনে তার সহধর্মিনী শাহ নেওয়াজ গ্রুপের ভাইস প্রেসিডেন্ট ও সংগীত শিল্পী রানো নেওয়াজের অবদানের কথাও স্মরণ করেন বক্তারা।

